

মাদারীপুরে ৪টি শিক্ষা
প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের
দুর্ভোগ

মাদারীপুর, ৮ই এপ্রিল (নিজস্ব সংবাদ-
দাতা)।- দু'টি সেতুর অভাবে সদর থানার
খোয়াঙ্গপুর ইউনিয়নের চারটি শিক্ষা
প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা সীমাহীন দুর্ভোগ
পোহাচ্ছে।

জানা যায়, খোয়াঙ্গপুর সৈয়দ আবুল
হোসেন কলেজ সংলগ্ন খালের ওপর কোন
সেতু না থাকায় উক্ত কলেজ ছাড়াও
খোয়াঙ্গপুর-টেকেরহাট উচ্চবিদ্যালয় এবং
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শত শত
ছাত্রছাত্রীকে দারুণ দুর্ভোগ পোহাতে হচ্ছে।
বিশেষ করে স্কুলের ছোট ছোট ছেলে-
মেয়েরাই উক্ত স্থানে সেতু না থাকার
কারণে বেশি দুর্ভোগের সম্মুখীন হচ্ছে বলে
জানা যায়।

খোয়াঙ্গপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
সংলগ্ন খালের ওপরের সেতুটি প্রয়োজনীয়
সংস্কারের অভাবে লোক চলাচলের অযোগ্য
হয়ে পড়েছে। খালটিতে পানি থাকায় সেতুর
নিচ দিয়েও চলাচল করা সম্ভব হচ্ছে না।
ফলে বিদ্যালয়ের কয়েকশ' ছাত্রছাত্রীসহ
জনসাধারণকে দারুণ দুর্ভোগ পোহাতে
হচ্ছে।